এম এ হকের সহধর্মিনীর ইন্তেকালে কামরুল জায়গীরদারের শোক

ডেস্ক রিপোর্ট : বৃহত্তর সিলেট বিএনপির দীর্ঘদিনের অভিভাবক, বিএনপি চেয়ারপার্সনের সাবেক উপদেষ্টা মরহুম এম এ হকের সহধর্মিনী ও সিলেট জেলা বিএনপির যুগ্ম সাধারণ সম্পাদক ব্যারিস্টার রিয়াসাদ আজিম হক আদনানের মা রওশন জাহান চৌধুরী (৬৫) এর ইন্তেকালে শোক প্রকাশ করেছেন সিলেট জেলা বিএনপির সাবেক আহ্বায়ক কামরুল হুদা জায়গীরদার। মরহুমার রুহের মাগফেরাত কামনা করে শোক সন্তপ্ত পরিবারের প্রতি গভীর সমবেদনা জানান তিনি।

এক শোক বার্তায় কামরুল হুদা জায়গীরদার বলেন, সিলেট বিভাগীয় বিএনপির সাবেক সাংগঠনিক সম্পাদক, সিলেট জেলা ও মহানগর বিএনপির সাবেক সভাপতি মরহুম এম এ হকের সহধর্মিনী রওশন জাহান চৌধুরী (৬৫) একজন ধর্মপ্রাণ নারী ছিলেন। পরোপকারিতা ও পরহেজগারীতার কারণে পাড়া -প্রতিবেশী, আত্মীয় -স্বজন সকলে তাকে শ্রদ্ধা করতো। তার মৃত্যুতে আমরা একজন ধর্মভীরু নারীকে হারালাম। আল্লাহ তাকে জান্নাতের মেহমান হিসেবে কবুল করুন ও পরিবারবর্গকে এই শোক সইবার শক্তি দিন। আমীন। বিজ্ঞপ্তি